

B.A. Semester II (Honours) Examination, 2018**BENGALI****Subject Code: 20102****Course Code: AHBNG-202C-4****Course Title: বাংলা সাহিত্যে অতিপ্রাকৃত ও কলাবিজ্ঞান কেন্দ্রিক আখ্যান ও গোয়েন্দা কাহিনি****Time: 2 Hours****Full Marks: 40**

*The figures in the right hand side margin indicate marks.
Candidates are required to give their answers in their own words
as far as practicable.*

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০
- (ক) রবীন্দ্রনাথের ‘মণিহারী’ গল্প কত খ্রীষ্টাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয়? ২
- (খ) রবীন্দ্রনাথের ‘নিশীথে’ গল্পে কোন কোন নদীর উল্লেখ আছে? ২
- (গ) ‘সব বুট হায়’ — কে কখন বলেছে? ২
- (ঘ) ‘কঙ্কাল’ গল্পটিতে গল্প কথক যে ঘরের অভিজ্ঞতা গল্পটিতে উপস্থাপন করেছেন সেই ঘরের পরিচয় দু-একথায় লেখো। ২
- (ঙ) ‘ভূতুড়ে গল্প’-এ মেজ পিসেমশাইকে কোন্ গল্প গ্রন্থের কত নম্বর গল্পটি পড়তে বলেছিল? ১+১=২
- (চ) ‘সব ভূতুড়ে’ গ্রন্থের পরিচয় অংশে ভূতুড়ের কীভাবে দেখার পরামর্শ দেওয়া হয়েছে? ২
- (ছ) ‘ভূতুড়ে ঘড়ি’তে ঘাচ ঘাচ লাটুকে কী নামে ডাকতে বলেছিল? ঘড়িটি নিজের নাম কী বলেছিল? ১+১=২
- (জ) জটাই তান্ত্রিকের পোষা ভূতের যুমানোর প্রসঙ্গ সংক্ষেপে লেখো। ২
- (ঝ) বিদ্যাসাগর ছদ্মনামে কোন্ কোন্ গ্রন্থ রচনা করেন? ২
- (ঞ) বঙ্কিমচন্দ্রের লেখা দুটি সাহিত্য সমালোচনামূলক প্রবন্ধের নাম লেখো। ২
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০
- (ক) রবীন্দ্রনাথের ‘মণিহারী’ গল্প অবলম্বনে মণিমালিকা চরিত্র বিশ্লেষণ করো। ৫
- (খ) “মাছকে বড়শী দিয়া ধরিলে তাহার যেমন মনে হয়, আমারও সেইরূপ মনে হইত”। উক্তিটির বক্তা চরিত্র সম্পর্কে আলোচনা করো। ৫
- (গ) “জায়গাটাকে সেরকম ভালো মনে হচ্ছে না।” প্রসঙ্গ উল্লেখ করে বক্তার একথা বলার কারণ ব্যাখ্যা করো। ৫
- (ঘ) “ধবংস করা এবং ধবংস হওয়ার জন্যই আমার জন্ম” — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫
- (ঙ) বিদ্যাসাগরকে বাংলা ভাষার প্রথম যথার্থ শিল্পী বলা যায় কিনা সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- (ক) রবীন্দ্রনাথের ‘নিশীথে’ গল্পের নামকরণের সার্থকতা বিষয়ে আলোচনা করো।
- (খ) লীলা মজুমদারের ‘ভূতুড়ে গল্প’ অবলম্বনে মেজো পিসেমশাই-এর চরিত্র বিশ্লেষণ করো।
- (গ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের ‘ভূতুড়ে ঘড়ি’ গল্পের তান্ত্রিক শ্যামাচরণ সম্পর্কে আলোকপাত করো।
- (ঙ) ‘পেনেটিতে’ গল্পে জগু, ভূটে, নেলোর মুর্ছা যাওয়ার ঘটনার প্রসঙ্গটি উল্লেখ করে তার তাৎপর্য বিশ্লেষণ করো।